



গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তৃতা করেন ভিসি প্রফেসর আবদুল মান্নান —ইত্তেফাক

বিশ্ববিদ্যালয় দিবস পালিত

দেশের বৃহত্তর স্বার্থে ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ চাই

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)  
ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় অধ্যাপক ডাঃ মোঃ ইব্রাহিম দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে ক্যাম্পাসে শান্তিপূর্ণ শিক্ষার পরিবেশ বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করিয়াছেন। তিনি বলেন, আজ স্কুল-কলেজে লেখা পড়ার কোন পরিবেশ নাই। চারিদিকে বিশৃঙ্খলা। সমস্রমত পরীক্ষা হইতেছে না। ছাত্র-শিক্ষকের সম্পর্কের অবনতি ঘটিয়াছে। তরুণ সমাজকে দেশোপযোগী এবং চরিত্রবান হিসাবে তৈয়ারী করিবার জন্ত তিনি রাজনীতিবিদ, সমাজ-বিজ্ঞানী, দার্শনিক, শিক্ষক, বৈজ্ঞানিক সকল স্তরের মানুষের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় কলাভবন সংলগ্ন 'মল্ল' এলাকার প্যাণ্ডেলে এই দিবসের উদ্বোধন করা হয়। ভিসি প্রফেসর আবদুল মান্নান উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দেন। প্রো-ভিসি ডঃ এমাজউদ্দিন আগত

স্বধীজনের উদ্দেশে ধন্যবাদ জানাইয়া বক্তব্য রাখেন। বৃহস্পতিবার 'বিশ্ববিদ্যালয় দিবসের মঞ্চ' পুড়িয়া গেলেও উহা আবার তৈয়ারী করিয়া ক্যাম্পাসে উৎসব-মুখর পরিবেশ সৃষ্টির প্রচেষ্টা শুরু হয় গত বৃহস্পতিবার রাত হইতে। বৃহস্পতিবার সকাল ৯ টায় ভিসি ও প্রধান অতিথি বিশ্ববিদ্যালয় (শেষ পৃঃ ২-এর কঃ দঃ)

বিশ্ববিদ্যালয় দিবস পালিত

(১ম পৃঃ পর)  
রোভার, জাউট ও বি, এন সি সি'র প্যায়েড পরিদর্শন করেন। ইহার পরে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের সভাপতি ভিসি তাহার ভাষণে বলিয়াছেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কোন বিচ্ছিন্ন দ্বীপ নয়। সমাজের চলমান ঘাত প্রতিঘাতের ছায়া বিশ্ববিদ্যালয়ের উপর পড়িবে ইহাই স্বাভাবিক। এই বিশ্ববিদ্যালয় গোটা দেশের সম্পদ ও গর্ব। ইহার মর্যাদা রক্ষার দায়িত্ব সকল দেশবাসীর। ঢাকা বিশ্ববিদ্যালয়ে গণতন্ত্র চর্চার সুদীর্ঘ ঐতিহ্য মহিয়াছে। তাই এইখানে সকলের মতপার্থক্য প্রকাশের পথ হওয়া উচিত গণ-তান্ত্রিক ও অহিংস। ঢাকা বিশ্ব-বিদ্যালয়কে কাংক্ষিত স্বপ্নের মত করিয়া গড়িয়া তোলার জন্ত তিনি সকলের প্রতি আহ্বান জানান।  
বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র-ছাত্রী ও বিদ্যানুরাগী সমাজের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের প্রত্যক্ষ পরিচয় সাধনের উদ্দেশ্যে ১৯৮০ সালে প্রথম বিশ্ববিদ্যালয় দিবস পালন শুরু হয়। কিন্তু ৮৬-তে ইহা পালন করা সম্ভব হয় নাই।